স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান—

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গীপুর সংবাদ

## সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫১শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৬ই জ্যৈষ্ঠ বুধবার, ১৩৭১ ইংরাজী 20th May 1964 { ১ম সংখ্যা



সকল ঘরের তরে...

**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাস্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলো, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



**খাস জনতা**
কেরোসিন কুকার

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাস্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

সবচেয়ে সুবিধায় বই কিনতে হ'লে
জনপ্রিয় প্রতিষ্ঠান ষ্টুডেন্টস্-ফেভারিট-এ আসুন।

আমাদের বিশেষত্ব :— রঘুনাথগঞ্জ (বাস ষ্ট্যাণ্ড)

* এক সঙ্গে সেট বই সরবরাহ করা
* শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের নানাবিধ সুবিধা দেওয়া
* ছাত্র-ছাত্রীদের উপযুক্ত পাঠ্য ও অর্থপুস্তক নির্বাচনে সহায়তা করা
* আমাদের সততায় সকলের সহানুভূতি লাভ করা।

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন**

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

৬ই জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৭১ সাল।

## জঙ্গিপুর মহকুমার সাপ্তাহিক সংবাদপত্র "জঙ্গিপুর সংবাদ"এর একপঞ্চাশত্তম ( একান্ন ) বর্ষ প্রবেশ

—০—

বর্ত্তমানে উক্ত ক্ষুদ্র সংবাদপত্রের শেষ পৃষ্ঠায় ছাপার অক্ষরে দেখিতে পাইবেন "রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।"

উক্ত সংবাদপত্রের প্রতিষ্ঠাতা শ্রীশরৎচন্দ্র পণ্ডিত মহাশয় বর্ত্তমানে ৮৪ বৎসরের বৃদ্ধ। আমি শ্রীবিনয়কুমার তাঁহার জ্যেষ্ঠ পুত্র। আমার পিতৃদেব ১৯২৪ খৃষ্টাব্দে জঙ্গিপুর সংবাদ, পণ্ডিত-প্রেস, এমন কি জমিজমা, দায় আদায় সমস্ত বিষয়ের ভার আমার অযোগ্য স্কন্ধে অর্পণ করিয়া প্রায় অবসর গ্রহণ করিয়াছেন। আমি আমার একমাত্র কনিষ্ঠ সহোদর শ্রীমান্ অমলকুমার পণ্ডিতের সহায়তায় যথাসাধ্য ভার বহন করিতে পশ্চাৎপদ হই নাই। শ্রীমান্ অমলকুমারকে মৌলবীর নিকট আরবী, পারসী, উর্দ্দু প্রভৃতি ভাষা শিক্ষা করাইয়া বিদ্যালয়ের প্রশ্নপত্র সমূহ মুদ্রণ কার্য্য সম্পন্ন করিবার জন্য ঐ সব ভাষার অক্ষর ( টাইপ ) আনাইয়া অনলসভাবে কাজ চালাইতেছি। আমাদের পিতৃদেবও বৃদ্ধাবস্থায় প্রবন্ধ, রসকথা, কার্টুন ইত্যাদি জঙ্গিপুর সংবাদে প্রকাশ করিতে সাহায্য করিয়া গ্রাহক, পাঠক, বিজ্ঞাপনদাতাগণের সন্তুষ্টি বিধানে যথেষ্ট পরিশ্রম করেন। এমন গ্রাহক ও বিজ্ঞাপনদাতা আমাদের ভাগ্যগুণে মিলিয়াছে যে যাঁহারা আমাদের সুখে সুখী দুখে দুখী।

আমাদের আর্থিক অবস্থা কখনই স্বচ্ছল নহে। সকলের সম্মুখে বলিলে অশোভন হইবে না—এমন বিপদ আমাদের গিয়াছে যে ঐ সকল দরদী আত্মীয়গণ কত যে উপকার করিয়াছেন তাহা অপরিশোধ্য। আমার একটি সর্ব্ব কনিষ্ঠ ভ্রাতা ৬৫ দিন ভুগিয়া শেষ নিঃশ্বাস ত্যাগ করে। একজন এই রকম পাতানো আত্মীয় প্রায় ৫০ দিন প্রত্যহ কলিকাতা হইতে দৈনিক এক মণ করিয়া বরফ "আইস্ এশোসিয়েসনের" সহিত বন্দোবস্ত করিয়া পল্লীর গ্রামে যাহাতে বরফের অভাব না জানিতে পারি তাহার উপায় করিতে পশ্চাৎপদ হন নাই। নাম করিয়া বলিলে, তাঁহার পুত্র-পৌত্রগণও লজ্জিত হইবেন। যে দিন বালকটি মৃত্যুমুখে পতিত হয় তার পরদিন টেলিগ্রাফ করিয়া বরফ পাঠানো বন্ধ করিতে হয়। জঙ্গিপুরে যেদিন স্বাধীনতা দিবস চাঁদতারা মার্কা নিশান উঠিল তার পরদিন উক্ত মহানুভব বংশের একটি বিধবা মহিলা তাঁহাদের বিহার প্রদেশের স্বাস্থ্যনিবাসে আমাদের বাড়ীর মেয়ে ও শিশুদের স্থান দিয়া ভরসা দেন যে দরকার হ'লে তাঁর ছেলেদের বা দেবরের কাছে বলতে হবে না। পাশের ছোট বাড়ীখানা আপনাদের স্কুল ও ছাপাখানা খোলার জন্য দেওয়া হবে। আমাদের কাছে ২০০০৲ দু'হাজার টাকা আছে জানিতে পেরে, সেগুলি তাঁদের ফার্ম্মে জমা রাখলেন। ভরসা দিলেন যদি এঁদের ( ছেলে ও দেবরদের ) থাকে আপনারও থাকবে। যখন জঙ্গিপুর পাকীস্থানে স্থান না পেয়ে ভারতে স্থান পেলো, টাকাগুলি স্বজন মধ্যে যিনি সজ্জন তার ঘাড়ে চাপিয়ে আমাদের কাছে পৌছিয়ে দিলেন।

"জঙ্গিপুর সংবাদ" ৫০ বৎসর বয়স অতিক্রম ক'রে যখন ৫১ বর্ষে পদার্পণ করলে অনেকেই জিজ্ঞাসা করেন—এবার জুবিলি উৎসব কবে হবে? জঙ্গিপুর সংবাদের প্রতিষ্ঠাতা শ্রীশরৎচন্দ্র পণ্ডিত বলেন -JUBILEE? ( জুবিলি? ) ইহুদীদিগের দাসত্বমোচন-উৎসব যুক্ত প্রতি পঞ্চাশ বৎসর অন্তর যদি জুবিলী উৎসব হয় তবে কবে তা হবে জানি না। তবে মনে আছে—

১৯২৮ সালে মহকুমার হর্ত্তা কর্ত্তা বিধাতা তাঁর পরামর্শদাতাগণের পরামর্শ পেলেন—এবার যিনি বাংলার বদলির কর্ত্তা হয়েছেন, তিনি শরৎ পণ্ডিতকে দুটি চক্ষের বিষ বলে মনে করেন। শরৎ পণ্ডিত জুতো জামা পরেন না বলে তাঁকে তিনি বলেন—Naked EDITOR ( ল্যাংটা সম্পাদক )।

যেদিন মহকুমার হুজুর এই সাহেবের কাছে "জঙ্গিপুর সংবাদের" ভাষার বিষক্রিয়া বর্ণনা ক'রে তার শাস্তির বিধান চাইলেন। বদলীর হুজুর ( চীফ সেক্রেটারী ) উত্তর দিলেন—তুমি মহকুমার লাট সাহেব ( গভর্ণর অব্ দি সাবডিভিসন্ ) "সিট্ আপ্ অন্ দি চেষ্ট অব্ দি এডিটর্ য়্যাণ্ড্ থট্ল্ হিম" ল্যাংটা এডিটরের বুকে বসে তার কণ্ঠনালী টিপে শ্বাসরোধ ক'রে মেরে ফেলো।"

ল্যাংটা এডিটর্ এই কথাটা জানতে পেরে গেলেন মহকুমা হুজুরের হিতাকাঙ্ক্ষীদের উল্লাস দেখে। ল্যাংটা এডিটর চীফ্ সেক্রেটারীকে টাইপ্ করে চিঠি দিলেন—একথা কি সত্য যে তুমি মহকুমার লাট সাহেবকে এই পরামর্শ দিয়েছ? চীফ সেক্রেটারী মহকুমা লাটকে টেলিগ্রাফে তাঁর কাছে তলব দিয়ে এনে জানালেন—গলা টেপার কথা হয়েছিল তখন কেউ ছিল না। ল্যাংটা এডিটর জানলে কেমন করে? তুমি তোমার ভক্তদের কাছে এডিটরকে গলা টিপে মেরে ফেলার পরামর্শে খুব খুসী হয়ে ঢাক বাজিয়েছ। এখন বল দেখি তোমাকে গোপনে বিশ্বাস করে কিছু বলা যায় কি?

তুমি "রিলাইএব্‌ল্" না "লাইএব্‌ল্" তোমাকে বিশ্বাস করা যায় না দণ্ড দেওয়া উচিত?

যেদিন লাটকে অন্যত্র বদলী করা হলো সেই-দিনই জুবিলী হয়েছে।

আমাদের পিতৃদেব আমার স্কন্ধে সব ভার দিয়ে যে যে আদেশ দিয়েছিলেন শুনুন (১) জঙ্গিপুর হাই স্কুলের হেড পণ্ডিত ( পিতৃদেবের শিক্ষক ) মহাশয়কে প্রতি ইংরাজী মাসের পয়লা তারিখ ১০৲ টাকা ওঁর হাতে হাতে দিবে। (২) অভাব সৃষ্টি করো না গরীব হবে না।

(৩) নাস্তি ভার্য্যা সমং মিত্রং  
নাস্তি পুত্র সমঃ প্রিয়ঃ।  
ন ভ্রাতৃ সদৃশো বন্ধুঃ  
ন চ মাতৃ সমো গুরুঃ॥

অন্যের দেখাদেখি জুবিলির মত উৎসব আমাদের সাজে না। যা সামান্য তাই নিয়ে নিজেদের মধ্যে বিলি বন্দোবস্তই আমাদের জুবিলি।

---

## দুর্গাপুর ইস্পাত কারখানার চারজন কর্মী গ্রেপ্তার

দুর্গাপুর ইস্পাত কারখানার মূল্যবান জিনিসপত্র চুরি হইতেছে বলিয়া ইতিপূর্ব্বে সংবাদ পাওয়া গিয়াছিল। এই চুরির কাজে কারখানার লোকের যোগাযোগ থাকা অসম্ভব নয়। পুলিশ এই ব্যাপারে ইস্পাত কারখানার ৪ জন কর্মচারীকে সন্দেহক্রমে গ্রেপ্তার করিয়াছে।

এই দলের নেতাটি যখন একটি চোরাই ফ্যান লইয়া যাইতেছিল তখন তাহাকে হাতে নাতে ধরা হয়। তাহার স্বীকারোক্তিকে কেন্দ্র করিয়া পুলিশ অপর ৩ জনকে গ্রেপ্তার করে এবং তাহাদের নিকট হইতে কয়েকটি মূল্যবান জিনিস উদ্ধার করা হয়।

---

## বাঘে মানুষে লড়াই

রামপুরহাট থানার অন্তর্গত তারাপুরের অধিবাসী শ্রীভগীরথ মণ্ডল খালি হাতে একটি ৪ হাত লম্বা চিতাবাঘ বধ করিয়া গ্রামীণ কৃষকের শক্তি ও সাহসিকতার জলন্ত দৃষ্টান্ত স্থাপন করার সংবাদ এখানে আসিয়াছে। প্রকাশ, ঘটনার দিন জনৈক স্ত্রীলোক গ্রাম সন্নিকটে একটি পুকুরের পাড়ে গরু বাঁধিয়া দিবার সময় বাঘটি হঠাৎ তাহাকে আক্রমণ করে, আক্রান্তা স্ত্রীলোকটির ভয়ার্ত চীৎকারে বাঘ তাহাকে ছাড়িয়া পুকুরের পার্শ্বে একটি নিমগাছের নীচের ঝোপে লুকাইয়া থাকে, স্ত্রীলোকটির আর্ত্তনাদে আকৃষ্ট হইয়া স্বগ্রামবাসী শ্রীভগীরথ মণ্ডল সেখানে উপস্থিত হইয়া স্ত্রীলোকটির নির্দেশমত ঝোপে উঁকি মারা মাত্র বাঘ তাহাকে আক্রমণ করে। দু'জনে মল্লযুদ্ধ শুরু হয়। লড়াই করিতে করিতে উভয়েই পুকুরের জলে পড়িয়া যায়। ঐ সময় শ্রীভগীরথের জনৈক সঙ্গী এক যুবক বাঘটির দেহে উপর্য্যুপরি কয়েকটি কাটারীর কোপ দেয়, কিন্তু জানা যায় যে, তৎপূর্বেই ভগীরথ বাঘটিকে জলে ডুবাইয়া মারিয়া ফেলিয়াছে।

---

## ভারতের বাহিরে দলাই লামার অফিস্ খোলার প্রস্তাব

### কেন্দ্রীয় সরকারের অপছন্দ

দলাই লামা ভারতের বাহিরে অফিস খোলেন কেন্দ্রীয় সরকার নাকি এটা চান না। দলাই লামা শীঘ্রই সিংহল, বর্মা, থাইল্যাণ্ড, ইন্দোনেশিয়া এবং জাপান সফর করিবেন। এই সমস্ত দেশে তিনি নাকি অফিস খোলার ইচ্ছা প্রকাশ করিয়াছেন।

দিল্লিতে দলাই লামা রাষ্ট্রপতি ডঃ রাধাকৃষণ এবং শিক্ষা দপ্তরের অফিসারদের সহিত কথাবার্ত্তা বলিয়াছেন। তিনি শুক্রবার মন্ত্রীদের সহিত এবং শ্রীকৃষ্ণমাচারী, শ্রীমতী লক্ষ্মী মেনন এবং পররাষ্ট্র সচিবের সহিত সাক্ষাৎ করিবেন।

---

## দুইজন এম-এল-এ গ্রেপ্তার

### হরতালের জন্য উস্কানি দেওয়ার অভিযোগ

শ্রীদেবী বসু, এম-এল-এ এবং শ্রীগৌর কুণ্ডু এম-এল-এ-কে যথাক্রমে নবদ্বীপ ও রাণাঘাটে গ্রেপ্তার করা হইয়াছে। তাহাদিগকে পশ্চিমবঙ্গ নিরাপত্তা আইনে গ্রেপ্তার করা হইয়াছে। তাহাদের বিরুদ্ধে অভিযোগ এই যে, তাহারা বুধবার হরতাল পালনের জন্য জনগণকে উস্কানি দিতে ছিলেন। তাছাড়া কোতোয়ালী থানা এলাকায় ছয়জন এবং রাণাঘাটে অপর সাতজনকেও ঐ আইনে গ্রেপ্তার করা হইয়াছে।

---

## তুলসীবিহার মেলা

পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় এবারও জঙ্গিপুরের শ্রীশ্রী৺বৃন্দাবনবিহারী দেবঠাকুর ও অন্যান্য বিগ্রহাদি এবং বালিঘাটার শ্রীশ্রী৺শ্যামরায় দেবঠাকুরের আগমন উপলক্ষে রঘুনাথগঞ্জ তুলসীবিহার বাটীতে চারি দিবস ব্যাপী এক মেলা অনুষ্ঠিত হইয়াছে। মেলায় মনোহারী, মিষ্টান্ন, শঙ্খের দোকান, চায়ের দোকান ও নানাবিধ তেলেভাজা খাবারের দোকান বসিয়াছিল। কলিকাতা হইতে কাঠের কার্ণিচারের একখানি দোকান আসিয়াছে। প্রতিদিনই মেলায় বহু নরনারী ও শিশুর সমাগম হইয়াছিল।

---

## নোটিশ

১। নিমতিতা—ধুলিয়ান রুটে বাস চালাইবার পারমিটধারী মেসার্স সত্যনারায়ণ অটোসার্ভিসের শ্রীগোপালচন্দ্র বিশ্বাস, শ্রীকার্ত্তিকচন্দ্র পাণ্ডে, শ্রীঅমলপ্রসাদ মজুমদার তাঁহাদের রুট ফরাক্কা পর্যন্ত সম্প্রসারণের জন্য আবেদন করিয়াছেন। উপরোক্ত বিষয়ে কোনও আর্জি থাকিলে তাহা এই নোটিশ প্রকাশিত হইবার ৩০ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী কর্ত্তৃক গৃহীত হইবে। আর্জিগুলি বিবেচনা করিবার জন্য তারিখ, সময় ও স্থান যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে জানাইয়া দেওয়া হইবে। ২। ধুলিয়ান হইয়া নিমতিতা—ফরাক্কা রুটে প্রতিদিন আপ-এ একবার ও ডাউন-এ একবার বাস চালাইবার একখানি স্থায়ী রুট পারমিটের জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা হইতেছে। নির্ধারিত ফরম মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহণ প্রাধিকারের অফিস হইতে পাওয়া যাইবে। দরখাস্ত ফী বাবত ৫৲ টাকা জমা দিয়া উহার ট্রেজারি চালান প্রত্যেক দরখাস্তের সহিত যুক্ত করিতে হইবে অন্যথায় দরখাস্ত বিবেচিত হইবে না। ১৯৬৪ সালের ১২ই জুন পর্যন্ত অফিসের সময়ে (বিকাল ৫টার মধ্যে) নিম্নস্বাক্ষরকারী কর্ত্তৃক দরখাস্ত গৃহীত হইবে। স্বাঃ এম. সি. দত্ত, সেক্রেটারী, আঞ্চলিক পরিবহণ প্রাধিকার, মুর্শিদাবাদ।

---

## নোটিশ

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে রঘুনাথগঞ্জ থানার অধীন কাঁকুড়িয়া মৌজায় আমার যে সকল পুকুর আছে তাহা ঠিকা মুনফায় ইজারা বন্দোবস্ত করা যাইবে। গ্রহণেচ্ছুগণ নিম্ন ঠিকানায় সবিশেষ বিবরণ অনুসন্ধান করুন। ইতি সন ১৩৭১ সাল, ৩রা জ্যৈষ্ঠ।

শ্রীমণিমোহন চৌধুরী
মোঃ রঘুনাথগঞ্জ

---

**জাতীয় প্রতিরক্ষা তহবিলে মুক্তহস্তে দান করুন**




বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

**আমলা** কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

**সারিবাদ্যাসব**

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

**ঢাকা আয়ুর্বেদীয় ফার্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেণ্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ ( সদরঘাট )

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং *বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি* ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

**আর্ট ইউনিয়ন**

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |



★আই.সি.আই পেইন্ট
★মেদিনীপুরের ভাল মাদুর
★যাবতীয় ঘানি, হলার ও ধান কলের পার্টস্
★ইমারতের যাবতীয় সরঞ্জাম।



বিক্রেতা:-

**কুণ্ডু হার্ডওয়্যার ষ্টোর্স**
খাগড়া মুর্শিদাবাদ

*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্রে লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )